

# জাতীয় ইতেক্ষণ

## ‘দেশে আড়াই কোটিরও বেশি মানুষ নিরক্ষর’

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস আজ

### ■ বিজ্ঞান ইক

২০১৪ সালের মধ্যে দেশকে নিরক্ষরমূক্ত করার ঘোষণা দিয়েছিল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। কিন্তু বাস্তবতা হলো ২০১৫ সালেও এ হার মাঝে ৬৪ দশমিক ৬ শতাংশ। ২০১১ সালে এ হার ছিল ৫৮ দশমিক ৮ শতাংশ। সে হিসাবে গত ৫ বছরে সাক্ষরতার হার বেড়েছে ৬ শতাংশ। আর জনসংখ্যা বিবেচনায় এখনও আড়াই কোটির বেশি মানুষ নিরক্ষর। এমন বাস্তবতার মধ্যেই বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও আজ পালিত হচ্ছে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস।

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোতাফিজুর রহমান গভর্নর দাবি করেছেন, দেশে এখন সাক্ষরতার হার ৭১ শতাংশ। ২০১৩ সালে জন্মিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ সম্মেলনে জানানো হয়েছিল, দেশে সাক্ষরতার হার প্রায় ৭১ ভাগ। সে হিসাবে গত ৪ বছরে সাক্ষরতার হার বাড়েনি।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱোর তথ্য অনুযায়ী, ২০১৫ সালের হিসেবে ১৫ বছরের বেশি বয়সী পুরুষের সাক্ষরতার হার ৬৭ দশমিক ৬ শতাংশ। আর নারীদের এ হার ৬১ দশমিক ৬ শতাংশ। এছাড়া ৭ বছরের বেশি বয়সীদের সাক্ষরতার হার ৬৩ দশমিক ৬ শতাংশ। এর মধ্যে ছেলেদের সাক্ষরতার হার ৬৫ দশমিক ৬ শতাংশ এবং মেয়েদের এ হার ৬১ দশমিক ৬ শতাংশ। ২০১১ সালে ৭ বছরের বেশি বয়সীদের সাক্ষরতার হার ছিল ৫৫ দশমিক ৮ শতাংশ। সংশ্লিষ্টেরা বলছেন, দেশকে নিরক্ষরমূক্ত করার জন্য দেশকে সরকারি সংস্থাগুলো কাজ করছে। কিন্তু সে অনুযায়ী সাক্ষরতার হার বাঢ়েন।

মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, দেশে সাক্ষরতা বিস্তার, অব্যাহত শিক্ষার আওতায় দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান এবং জীবনব্যাপী শিক্ষার প্রসার ঘটানোর মাধ্যমে মানব সম্পদ উন্নয়নের জন্য ‘উপনৃষ্ঠানিক শিক্ষা আইন ২০১৪’ হয়েছে। এছাড়া ‘উপনৃষ্ঠানিক শিক্ষানীতি ২০০৬’ ও ‘জাতীয় শিক্ষানীতি ২০১০’ এ সরার জন্য শিক্ষা লক্ষ্যমাত্রা অর্জন তথা দেশকে নিরক্ষরমূক্ত করার ওপর ওরুজ দেয়া হয়েছে। বর্তমানে ৪৫ লাখ বয়স্ক নিরক্ষরদের সাক্ষর জন্ম দেওয়ার জন্য তিনি বছর দেয়ান্তি ৫৫২ কোটি টাকার একটি প্রকল্প প্রস্তুত করা হয়েছে।

আজ বৃহস্পতিবার আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। দিবসটি উপলক্ষ্য আজ সকাল সাড়ে ৭টায় কেন্দ্রীয় শহীদ মিনার থেকে ওসমানী স্মৃতি মিলনায়তন পর্যন্ত বর্ণায় রায়গ্রাম আয়োজন করা হয়েছে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোতাফিজুর রহমান।

এ উপলক্ষ্য গতকাল বুধবার সচিবালয়ে মন্ত্রণালয়ের সভা কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে মোতাফিজুর রহমান বলেন, ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।